গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.doict.gov.bd
(প্রশাসন শাখা)

বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরের সঙ্গে শেখ রাসেল ডিজিটাল ল্যাবের ট্রাবলশ্যুটিং সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব বনমালী ভৌমিক
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
তারিখ ও সময় : ২৩/০৪/২০১৭ খ্রিঃ, রবিবার, সকাল: ১০:৩০ ঘটিকা।
স্থান : অধিদপ্তরের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তা/সদস্যবৃন্দ: পরিশিষ্ট'-ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে সভাপতি সকলকে অবহিত করেন যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে আইসিটি অধিদপ্তর নিরলসভাবে আইসিটি উন্নয়নে কার্যক্রম পরিচালনা করছে। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত রূপকল্প-২০২১ বাস্তবায়নে ২০০১ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব সারা বাংলাদেশে স্থাপন করা হয়েছে। যার মাধ্যমে গুনগত শিক্ষার মান বজায় থাকা সহ আইসিটি অবকাঠামো ও দক্ষ জনবল তৈরীতে অগ্রণী ভূমিকা পালন করবে। সে লক্ষ্যে এ ল্যাবগুলোতে কর্মরত শিক্ষকগণকে ল্যাব পরিচালনা, রক্ষণাবেক্ষণ, ট্রাবলশ্যুটিং বিষয়ে প্রশিক্ষণ দেওয়া অপরিহার্য। আইসিটি সম্পর্কিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাগুলোকে অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে ল্যাব সংশ্লিষ্ট প্রধান শিক্ষক এবং আইসিটি শিক্ষকগণকে ০৫ দিনের "শিক্ষায় আইসিটির মৌলিক প্রশিক্ষণ, কম্পিউটার ট্রাবলশ্যুটিং এবং মেইনটেন্যান্স" শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করার বিষয়ে সভায় বিস্তারিতভাবে আলোচনার জন্য সভাপতি সকলকে আহবান জানান। সভায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক জনাব অশোক কুমার বিশ্বাস সহ কারিগরি শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ, A2I এর কর্মকর্তাবৃন্দ, শিক্ষা মন্ত্রণালয় ও মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় সভায় জানান যে, সারা বাংলাদেশে কারিগরি শিক্ষা অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক ও দক্ষতাসম্পন্ন জনবলের সক্ষমতা রয়েছে। তাঁদের প্রশিক্ষণের দায়িত্ব প্রদান করা হলে এ দায়িত্ব তারা অত্যন্ত দক্ষতার সাথে প্রশিক্ষণের ব্যবস্থা নিতে পারবে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের কাজে নিজেদের সম্পৃক্ত করতে পারলে তাঁরা গর্বিত বোধ করবে। শিক্ষা মন্ত্রণালয় এবং এটুআই এর কর্মকর্তাগণও আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় বিস্তারিত আলোচনার পর প্রশিক্ষণ কার্যক্রমের সূচী, প্রশিক্ষণ মডিউল, সমঝোতা স্মারক সম্পর্কিত বিষয়াদি, প্রশিক্ষণ সংশ্লিষ্ট ব্যয় বরাদ্দ ও বাজেট বিভাজন এবং প্রশিক্ষণার্থী মনোনয়ন সহ প্রশিক্ষণ কার্যক্রমটি সার্থক করার স্বার্থে সংশ্লিষ্ট সকল বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে সর্বসম্মত ভাবে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। | ক) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং কারিগরি শিক্ষা অধিদপ্তর মাঝে সমঝোতা স্মারক এর কাঠামো চূড়ান্তকরণ এবং সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানের আনুষ্ঠানিকতার ব্যবস্থা গ্রহণঃ প্রশিক্ষণ কর্মসূচীটি সুচারুরূপে সম্পন্ন করার স্বার্থে দুই অধিদপ্তরের Roles of Responsibility, কাজের পরিধি, Terms ও Conditions সমন্বিত একটি MOU করার বিষয়ে আলোচনা করা হয়। সভায় আইসিটি অধিদপ্তরের পরিচালক | ক) আগামী ০৪/০৫/২০১৭ খ্রি. তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা অধিদপ্তরের সভাকক্ষে মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক MOU স্বাক্ষরিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং কারিগরি শিক্ষা অধিদপ্তর |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোহাম্মদ লুৎফুর রহমান, MOU এর একটি খসড়া উপস্থাপন করেন।<br>খ) MOU টি G2G নীতি অনুসরণ করে তৈরী করা হয়েছে। উক্ত MOU অনুযায়ী প্রশিক্ষণের আয়োজন করলে উভয় পক্ষ থেকেই সরকারের স্বার্থ রক্ষা হবে মর্মে পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর জনাব মোহাম্মদ লুৎফুর রহমান এবং পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর জনাব জনাব মনজুরুল কাদের মত প্রকাশ করেন। MOU প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে নীতিগতভাবে গৃহীত হয়। | খ) MOU স্বাক্ষর অনুষ্ঠানে সারা দেশ থেকে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা শিক্ষা অফিসার, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষবৃন্দ এবং সদর উপজেলায় কর্মরত সহকারী প্রোগ্রামারদের উপস্থিতিতে ডিজিটাল ল্যাবের ট্রাবলশ্যুটিং প্রশিক্ষণ সম্পর্কিত একটি অবহিতকরণ সেমিনারের আয়োজন করতে হবে। অবহিতকরণ সেমিনার আয়োজনের প্রয়োজনীয় অর্থের ব্যয়ভার প্রতি ব্যাচের জন্য বরাদ্দকৃত বাজেট হতে ১২০০ (এক হাজার দুইশত) টাকা হারে কেন্দ্রীয়ভাবে সমন্বয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| ২। | যৌথভাবে প্রশিক্ষণ আয়োজন সম্পর্কিতঃ<br>পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর জনাব মনজুরুল কাদের জানান, বর্তমান সরকার এর ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সাথে কারিগরি শিক্ষা অধিদপ্তরের এই প্রশিক্ষণে সম্পৃক্ত হওয়ার বিষয়টি যুগান্তকারী বলে আমার কাছে মনে হয়েছে। জেলা পর্যায়ে আমাদের ট্রেনিং ইন্সটিটিউটগুলো উপজেলা প্রশাসন, জেলা প্রশাসন এবং শিক্ষা বিভাগের সাথে সম্পর্ক রেখে অধ্যক্ষগণ এই প্রশিক্ষণ পরিচালনা করলে শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর প্রতিষ্ঠান প্রধান এবং আইসিটি শিক্ষকগণ দারুনভাবে উপকৃত হবে যা ছাত্রছাত্রীদের মধ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির জ্ঞান সম্প্রসারণ এবং আউটসোর্সিং এর মাধ্যমে অর্থ উপার্জন করা সম্ভব হবে। | প্রশিক্ষণ কর্মসূচীটি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য যৌথভাবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং কারিগরি শিক্ষা অধিদপ্তর তাদের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং কারিগরি শিক্ষা অধিদপ্তর |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩। | ব্যয় বরাদ্দঃ<br>জনাব মোঃ রেজাউল মাকছুদ জাহেদী, পরিচালক (অর্থ ও প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর বলেন ২০০৮ সালের PPR অনুসরন করে জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত সদর উপজেলার সহকারী প্রোগ্রামার বরাবর আর্থিক বরাদ্দ প্রদান করলে একদিকে যেমন আর্থিক বিধিবিধান মানা হবে অন্যদিকে সম্পূর্ণ কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন হবে এবং পরবর্তীতে হিসাব ব্যবস্থাপনার কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ সহজ হবে। | আর্থিক বিভাজনটি জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত সহকারী প্রোগ্রামারের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। ট্রেনিং শেষ হওয়ার ১৫ কার্যদিবসের মধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা এবং আইসিটি) এবং সহকারী প্রোগ্রামার প্রশিক্ষণের বিল ভাউচার অধিদপ্তর বরাবর দাখিল করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং কারিগরি শিক্ষা অধিদপ্তর |
| ৪। | প্রশিক্ষণার্থী মনোনয়নঃ<br>সভায় প্রশিক্ষণার্থী মনোনয়নের ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। জনাব অশোক কুমার বিশ্বাস, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর জানান যদি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা উপজেলা পর্যায় হতে প্রশিক্ষণার্থী মনোনয়ন করে জেলা শিক্ষা কর্মকর্তা বরাবর প্রেরণ করেন এবং অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি) জেলা শিক্ষা কর্মকর্তার কাছ থেকে প্রশিক্ষণার্থীর তালিকা গ্রহণপূর্বক চূড়ান্ত তালিকা অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র বরাবর প্রেরণ করেন তাহলে প্রশিক্ষণার্থী মনোনয়ন সংক্রান্ত কাজটি সহজে ও সুচারুরুপে সম্পন্ন করা সম্ভব হবে। এক্ষেত্রে, প্রশিক্ষণার্থী মনোনয়নে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর এর প্রস্তাব অনুসরণ করলে শিক্ষা, কারিগরি, এবং প্রশাসন এই তিনটি বিভাগকেই সম্পৃক্ত করা সম্ভব হবে ফলে প্রশিক্ষণের ফলপ্রসূতা বৃদ্ধি সহ মনোনয়নের কাজটি অতি সহজে সম্পন্ন হবে মর্মে সভাপতি মত প্রকাশ করেন। বিষয়টির সাথে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। | ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা এর মাধ্যমে জেলা শিক্ষা কর্মকর্তা প্রশিক্ষণার্থী মনোনয়ন করে অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি) এর নিকট প্রেরণ করবেন।<br>খ) প্রতি ল্যাব হতে তিনজন করে প্রশিক্ষণার্থী মনোনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়, এর মধ্যে একজন প্রধান শিক্ষক ও অন্য দুইজন কম্পিউটার কাজে জড়িত আছে এমন শিক্ষক।<br>গ) অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি) প্রশিক্ষণার্থীদের চূড়ান্ত তালিকা অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র-কে প্রেরণ করবেন। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং কারিগরি শিক্ষা অধিদপ্তর |
| ৫। | প্রশিক্ষণের কার্যপরিধিঃ<br>জনাব ফারুক আহমেদ, ই-লার্নিং স্পেশালিস্ট, এটুআই জানান, Trouble Shooting ছাড়াও কিভাবে ল্যাবগুলোকে অধিকতর Functioning করা যায় তা বিবেচনায় রাখা প্রয়োজন। কারিগরি শিক্ষা অধিদপ্তরের সেই দক্ষতা রয়েছে। ষষ্ঠ শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত সিলেবাসে আইসিটি বিষয়টি রয়েছে। | শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলোকে অধিকতর Functioning করা, মাধ্যমিক পর্যায়ে যৌথভাবে কোর্স কারিকুলাম প্রণয়ন সহ সংশ্লিষ্ট বিষয়গুলো তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং কারিগরি শিক্ষা |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td>কিভাবে গুগল সার্চিং, ফেইসবুক সহ বিভিন্ন সাইটে অ্যাকাউন্ট ওপেন করা যায় ইত্যাদি বিষয়গুলো তাদের ক্লাস রুটিনে থাকা প্রয়োজন। তিনি আরো বলেন ক্লাসরুমগুলো ধীরে ধীরে মাল্টিমিডিয়া ক্লাসরুমে পরিণত হচ্ছে। কিশোর কানেক্ট নামে একটি পোর্টাল ডেভেলপ করা হয়েছে। সর্বোপরি, কোর্স কারিকুলামটা যৌথভাবে ডেভেলপমেন্টের প্রয়োজন রয়েছে মর্মে তিনি মত প্রকাশ করেন। বিষয়গুলো বাস্তবায়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং কারিগরি শিক্ষা অধিদপ্তর তাদের নিজ নিজ অংশগুলো দেখভাল করবেন মর্মে সভাপতি এবং মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর জানান।</td><td>কারিগরি শিক্ষা অধিদপ্তর তাদের নিজ নিজ অংশগুলো দেখভাল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে প্রয়োজনে এটুআই এর সহযোগিতা নেওয়া যেতে পারে।</td><td>অধিদপ্তর</td></tr>
<tr><td>৬।</td><td>প্রশিক্ষণ মডিউল চূড়ান্তকরণঃ<br>প্রশিক্ষণ মডিউল চূড়ান্তকরণের ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি ৫ দিনব্যাপী Troubleshooting প্রশিক্ষণের আয়োজন করার ইচ্ছা পোষণ করেন। পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর জনাব জনাব মনজুরুল কাদের জানান ০৫ দিনের প্রশিক্ষণের জন্য মোট ১০টি মডিউল প্রণয়ন করা প্রয়োজন। এক্ষেত্রে বিশেষজ্ঞদের মতামত প্রয়োজন। এক্ষেত্রে এটুআই এর বিশেষজ্ঞগণ, DoICT, DTE এবং বিষয়ভিত্তিক বিশেষজ্ঞগণের মতামত/পরামর্শ গ্রহণ করা জরুরী। এছাড়াও তাদের সক্রিয় সহযোগীতায় কোর্স মডিউল প্রস্তুত করতে হবে। সভায় নিম্নরূপ ১০ টি বিষয়ে মডিউলের প্রণয়নের প্রস্তাব উপস্থাপন করা হয়ঃ<br><br>Module: 1 — Introduction to Computer Basic: Lab/Software/hardware<br>Module: 2 — Basic of MS Word<br>Module: 3 — Develop a content using MS PowerPoint and Projector Setting<br>Module: 4 — Basic Internet and browsing /Email corresponding and personal account management<br>Module: 5 — Access to Teachers Portal, online, collaboration and resource collection e-learning platform (Muktopaath)<br>Module: 6 — Multimedia Dashboard/ Google drive/dropbox/Video editing<br>Module: 7 — Know my Computer Peripheral's better Necessary Software and Management<br>Module: 8 — Anonymous and Instant Trouble Shooting (Demand Based)<br>Module: 9 — Computer Networking and Trouble Shooting<br>Module: 10 — Computer Security and Lab Maintenance/Ethics</td><td>মডিউল প্রণয়নের জন্য A2I, DoICT এবং DTE এবং বিষয়ভিত্তিক বিশেষজ্ঞদের সমন্বয়ে একটি মডিউল প্রণয়ন টিম গঠণ করতে হবে। বিশেষজ্ঞ টিমের সদস্যগণের সম্মানী, আনুষঙ্গিক বাবদ প্রতি ব্যাচের জন্য বরাদ্দকৃত বাজেট হতে ৫০০ (পাঁচ শত) টাকা হারে কেন্দ্রীয়ভাবে সমন্বয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</td><td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং কারিগরি শিক্ষা অধিদপ্তর</td></tr>
<tr><td>৭।</td><td>সেন্ট্রাল মনিটরিং টিম গঠণঃ</td><td>প্রশিক্ষণ চলাকালীন নিবিড়</td><td>তথ্য ও</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td>০৫ (পাঁচ) দিন ব্যাপী ট্রাবলশ্যুটিং প্রশিক্ষণের সফলতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ চলাকালীন নিবিড় ও সুষ্ঠু পর্যবেক্ষণের প্রয়োজন রয়েছে। এক্ষেত্রে আলাদাভাবে DoICT এবং DTE থেকে প্রতি বিভাগের জন্য একটি করে মনিটরিং টিম গঠণের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে সভায় সকলে মত প্রকাশ করেন।</td><td>ও সুষ্ঠু পর্যবেক্ষণের জন্য আলাদাভাবে DoICT এবং DTE থেকে প্রতি বিভাগের জন্য একটি করে মনিটরিং টিম গঠণ করতে হবে। টিমের সদস্যদের সম্মানী এবং যাতায়াত বাবদ ব্যয়িত অর্থ প্রতি ব্যাচের জন্য বরাদ্দকৃত বাজেট হতে ৩০০০ (তিন হাজার টাকা) টাকা হারে কেন্দ্রীয়ভাবে সমন্বয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</td><td>যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং কারিগরি শিক্ষা অধিদপ্তর</td></tr>
<tr><td>৮।</td><td>বাজেট বিভাজনঃ<br>০৫ দিনের ট্রাবলশ্যুটিং প্রশিক্ষণের প্রতি ব্যাচের জন্য জনাব মোঃ রেজাউল মাকছুদ জাহেদী, পরিচালক (অর্থ ও প্রশাসন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর জনাব মনজুরুল কাদের নিম্নরূপ বাজেট উপস্থাপন করেনঃ
<table>
<tr><th>ক্র মঃ</th><th>ব্যয়ের খাতসমূহ</th><th>খরচ(টাকা)</th></tr>
<tr><td>১.</td><td>৩০ জন প্রশিক্ষণার্থীর জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ দ্রব্যাদি (ব্যাগ, কাগজ, কলম, প্যাড, পেন্সিল, ইরেজার, কাটার, নেইম ব্যাচ ইত্যাদি। তন্মধ্যে, ব্যাগ - ৩৫০ টাকা + অন্যান্য - ১৫০ টাকা = জনপ্রতি ৫০০ টাকা × ৩০ জন। (কেন্দ্রিয়)</td><td>১৫,০০০/-</td></tr>
<tr><td>২.</td><td>উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান (চা-নাস্তাসহ) এবং আনুষঙ্গিক ব্যয়</td><td>৩,০০০/-</td></tr>
<tr><td>৩.</td><td>প্রশিক্ষণ চলাকালীন চা-নাস্তা ৫ দিন × ৩০ জন × ৮০ টাকা হারে (সকাল ৪০ টাকা × বিকাল ৪০ টাকা)</td><td>১২,০০০/-</td></tr>
<tr><td>৪.</td><td>প্রশিক্ষণার্থীদের ভাতা (থাকা-খাওয়া) ৫ দিন × ৩০ জন ৫০০ টাকা হারে</td><td>৭৫,০০০/-</td></tr>
<tr><td>৫.</td><td>বই ও ক্যারিকুলাম (জনপ্রতি ৩৫০ টাকা হারে ৩০ জন)</td><td>১০,৫০০/-</td></tr>
<tr><td>৬.</td><td>ক) ক্যারিকুলাম প্রণয়নে সম্মানী সংক্রান্ত ব্যয়, ও<br>খ) সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর অনুষ্ঠান সংক্রান্ত ব্যয়। (কেন্দ্রিয়)</td><td>১,৭০০/-</td></tr>
<tr><td>৭.</td><td>প্রশিক্ষকদের সম্মানী (প্রতি ঘন্টা ৫০০ টাকা হারে ৩০ ঘন্টা)</td><td>১৫,০০০/-</td></tr>
<tr><td>৮.</td><td>প্রশিক্ষণার্থীদের সনদপত্র প্রতি জন ৪০ টাকা × ৩০ জন (কেন্দ্রিয়)</td><td>১,২০০/-</td></tr>
<tr><td>৯.</td><td>কোর্স বাস্তবায়ন সমন্বয় (প্রতিষ্ঠান ভিত্তিক ০৪ জন, ১৫০০+১০০০+ ৪৫০ × ২ জন) (প্রতি ব্যাচ)</td><td>৩,৪০০/-</td></tr>
<tr><td>১০.</td><td>ক) অতিথি রিসোর্স পারসন (জেলা প্রশাসক) ১ জন</td><td>১,৫০০/-</td></tr>
<tr><td></td><td>খ) জেলা সমন্বয়ক (অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি) ১ জন</td><td>১,২০০/-</td></tr>
<tr><td></td><td>গ) সহকারী জেলা সমন্বয়ক - ৩ জন<br>১। জেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট জেলা)<br>২। সহকারী কমিশনার (শিক্ষা ও আইসিটি শাখা)<br>৩। সহকারী প্রোগ্রামার (জেলা সদরের দায়িত্বে)</td><td><br>১,০০০/-<br>১,০০০/-<br>১,০০০/-</td></tr>
<tr><td>১১.</td><td>ক)Central Management Supervision and Coordination of DoICT</td><td>৩,০০০/-</td></tr>
<tr><td></td><td>খ ) Central Management Supervision and Coordination of DTE</td><td>৩,০০০/-</td></tr>
<tr><td>১২.</td><td>আনুষঙ্গিক খরচ (প্রধান কার্যালয় ও জেলা পর্যায়ের আইসিটি কার্যালয়)</td><td>১,৫০০/-</td></tr>
<tr><td colspan="3">মোট খরচ = ১,৫০,০০০/- (কথায়ঃ এক লাখ পঞ্চাশ হাজার টাকা)</td></tr>
<tr><td colspan="3">বি.দ্রঃ প্রযোজ্য ক্ষেত্রে বিধিমতে ভ্যাট, ট্যাক্স, আয়কর আদায়/প্রদান করতে হবে।</td></tr>
</table></td><td>প্রস্তাবিত বাজেট অনুযায়ী অর্থ বিভাজনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।</td><td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং কারিগরি শিক্ষা অধিদপ্তর</td></tr>
</table>

সভায় আর কোনরুপ আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


**স্বাক্ষরিত/-**

**(বনমালী ভৌমিক)**

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

ফোন: +৮৮০ ২ ৮১৮১১০০ (অফিস)

banamalibhowmick@doict.gov.bd


স্মারকনং- ৫৬.০৪.০০০০.০০৩.১৪.০২১.১৬-৫০৬

তারিখ: ১০ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ / ২৩ এপ্রিল ২০১৭খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক (প্রশাসন), এ টু আই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও শিক্ষা অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, কাকরাইল, ঢাকা-১০০০।
৫. অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬. পরিচালক (অর্থ ও প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৭. জেলা প্রশাসক (সকল)।
৮. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. অফিস নথি/মাষ্টার ফাইল।

২৩/৪/১৭


(মোস্তাইন বিল্লাহ)

(উপ সচিব)

উপ-পরিচালক (প্রশাসন)

mustain15166@gmail.com